

## উৎস মানুষ-এর ‘আড়া’

২৫ সেপ্টেম্বর ২০০৫

বসেছিল গত ২৫ সেপ্টেম্বর রবিবার,  
কোলকাতার হাতিবাগানের রাণী ভবানী  
কুলে। সকাল সাড়ে দশটা থেকে সঙ্গে  
সাতটা পর্যন্ত, মাঝে সবাই মিলে খাওয়া --  
ভাত, ডাল, তরকারি, ডিমের বোল, চাটনি।  
২০ টাকা চাঁদা ধার্য ছিল, তাতে কুলোয় নি।  
শুভানুধ্যায়ীদের থেকে কিছু অনুদান পাওয়া  
গেছে।

পশ্চিমবঙ্গের নানা জায়গা থেকে ১৪৮ জন  
এসেছিলেন (আয়োজক কর্মীবন্ধুদের নিয়ে  
মোট১৬২)। ‘বিশেষ’ নিম্নৰূপ কারুর প্রতি  
ছিল না, কোনো প্রখ্যাত ব্যক্তি বা সেলিব্রিটি  
বা মিডিয়া পার্সনের প্রতি আলাদা ‘খাতির’  
ছিল না। সবাই এসেছিলেন উৎস মানুষ -  
এর প্রতি আন্তরিকতার টানে, অনেকদিন  
পরে যেন চেনা-অচেনা পারিবারিক বন্ধুদের  
একত্রিত হওয়া, নির্মল পরিবেশে।

এবারের প্রধান আলোচনার বিষয় ছিল  
‘আজকের এই সময়ে মত প্রকাশের  
স্বাধীনতা সত্ত্ব কতটা আছে? অধিকাংশই  
এখন মুখ খোলেন না -- তবে না সুবিধা  
আদায়ের কৌশলে?’ প্রায় সকলেই নির্ধায়  
মনের ভার উজার করে দিয়েছেন। বলোর  
অধিকার ছিল সকলের।

... উৎসমানুষ আবার নিয়মিত প্রকাশের  
দাবি উঠেছে প্রবলভাবে, কিন্তু পত্রিকার ঘর  
এবং দায়িত্ব নেওয়ার লোকের অভাব -  
সমাধান হয়নি। ‘আড়া’ শেষ হয়েছে  
শতাব্দী-র প্রযোজনায় বাদল সরকারের  
নদীতে নাটক দিয়ে।